REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 05-11-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

MOS -AGRI

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর গোমতী জেলার ছাতারিয়া গ্রাম পঞ্চায়েতে গতকাল ‘ক্ষেত বাঁচাও অভিযান’-এ যোগ দিয়ে চারা রোপণ, কৃষি প্রদর্শনী পরিদর্শন এবং কৃষকদের সাথে মতবিনিময় করেন। এর আগে উদয়পুর সার্কিট হাউসে ‘পূর্বোত্তর সম্পর্ক সেতু’ কর্মসূচি নিয়ে আয়োজিত পর্যালোচনা বৈঠকে তিনি কেন্দ্রীয় প্রকল্পগুলির অগ্রগতির খোঁজ নেন এবং ২০৪৭ সালের মধ্যে ‘বিকশিত ভারত’ গড়ার লক্ষ্যে আগামী ১৫ দিনের মধ্যে কাজের অগ্রগতির বিস্তারিত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেন। পাশাপাশি, তিনি কৃষকদের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে দ্রুত সমাধানের জন্য রাজ্য কৃষি দপ্তরকে নির্দেশ প্রদান করেন।

****

PM-PARAGAMES:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লির ইন্দিরা গান্ধী স্পোর্টস কমপ্লেক্সে এশিয়ান প্যারা গেমস ২০২৬-এ অংশগ্রহণকারী ভারতীয় দলের খেলোয়াড়দের সাথে মতবিনিময় করবেন। এই উপলক্ষে আয়োজিত সমাবেশে তিনি ভাষণ দেবেন। জাপানের আইচি-নাগোয়ায় অনুষ্ঠিত এশিয়ান প্যারা গেমসে ৯৭ জন প্যারা-অ্যাথলিট মোট ১১৪টি পদক জিতে ভারতের জন্য গৌরব অর্জন করেছেন। পদক তালিকার মধ্যে রয়েছে ৩০টি সোনা, ৩৫টি রুপো এবং ৪৯টি ব্রোঞ্জ পদক। এই অনুষ্ঠানে পদকজয়ী ক্রীড়াবিদ, কোচ, ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের সদস্য সহ অন্যান্যরা উপস্থিত থাকবেন।

****

Arms Recovery:

আগরতলার বটতলায় প্রচুর আগ্নেয়াস্ত্র সহ গতকাল বহিঃরাজ্যের দুই যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। সদরের এসডিপিও পান্নালাল সেন জানিয়েছেন, বহিরাগত দুই যুবকের কাছে তল্লাশিতে তিনটি পিস্তল, ছয়টি ম্যাগজিন এবং ৫০ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। এই ঘটনায় পশ্চিম আগরতলা থানায় একটি স্বতঃপ্রণোদিত মামলা রুজু করা হয়েছে।

****

MSSKA-9.0-ORIENTATION

সারা রাজ্যে নবম পর্যায়ের মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান অনুষ্ঠিত হতে চলেছে ।আগামী ১৬ থেকে ৩০ নভেম্বর আয়োজিত হতে চলা এই কর্মসূচির সফল বাস্তবায়ন এবং অ্যানিমিয়া মুক্ত ভারত কর্মসূচি নিয়ে গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে রাজ্যস্তরের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ ও সমন্বয় সভা অনুষ্ঠিত হয় ।এই অভিযানে রাজ্যের ১ থেকে ১৯ বছর বয়সী মোট ১০ লক্ষ ৩০ হাজার ৬৮৪ জন শিশু-কিশোরকে স্বাস্থ্য পরিষেবার আওতায় আনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। বিদ্যালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং বাড়ি বাড়ি গিয়ে স্বাস্থ্য পরীক্ষা, কৃমিনাশক ওষুধ, আয়রন ও ফলিক অ্যাসিডসহ বিভিন্ন প্রয়োজনীয় ওষুধ ও টিকা প্রদান করা হবে। জাতীয় স্বাস্থ্য মিশন ও স্বাস্থ্য দপ্তর থেকে এই খবর জানানো হয়েছে।

****

Monthly Crime Review South:

দক্ষিণ জেলার পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখরের সভাপতিত্বে গতকাল জেলা পুলিশ সুপারের অফিসে মাসের অপরাধ পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জেলার অপরাধের প্রবণতা, মামলার তদন্ত, দোষী সাব্যস্ত হওয়ার হার, অপরাধী ও সমাজবিরোধী কার্যকলাপের বিরুদ্ধে গৃহীত পদক্ষেপ, প্রশাসনিক

বিষয় নিয়ে আলোচনা সহ জনসাধারণের আস্থা বৃদ্ধি এবং পুলিশী পরিষেবার মান উন্নত করার ওপর গুরুত্ব আরোপ করা হয়। বৈঠকে বিলোনিয়া থানার ওসি সুবিমল বর্মন সহ ১৯ জন পুলিশ, টি.এস.আর. ও এস.পি.ও.-কে শংসাপত্র প্রদান করা হয়।

****

MY BHARAT-KAILASAHAR

ভারত সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের অধীন 'মাই ভারত'-এর উদ্যোগে রামকৃষ্ণ মহাবিদ্যালয়ে গতকাল ঊনকোটি জেলাভিত্তিক বিকশিত ভারত যুব সংসদ অনুষ্ঠিত হয়। এবারের মূল বিষয় ছিল 'এক দেশ, এক নির্বাচন'। অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলাশাসক মেঘা জৈন। যুবসমাজকে দেশ গঠনে সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানান তিনি। প্রতিযোগিতায় অংশ নিতে ৪৫ জন যুবক-যুবতী নাম নথিভুক্ত করেন।

****

DRUGS RULES AMENDMENT:

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক ১৯৪৫ সালের ড্রাগস রুলসে সংশোধনের প্রস্তাব দিয়েছে। এই প্রস্তাব অনুসারে নির্দিষ্ট গুণমানের মানদণ্ডে অনুত্তীর্ণ ওষুধ শনাক্ত হওয়ার সাথে সাথেই প্রস্তুতকারকদের লাইসেন্স শোকজ নোটিশের মতো দীর্ঘ প্রশাসনিক প্রক্রিয়া ছাড়াই তাৎক্ষণিকভাবে স্থগিত করা হবে। একইসঙ্গে সমস্যার মূল কারণ খুঁজে বের করে সঠিক সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের পর কর্তৃপক্ষের যাচাই সাপেক্ষে সেই স্থগিতাদেশ প্রত্যাহার করা হবে।

****

CONTRACTORS-SONAMURA

অল ত্রিপুরা কন্ট্রাক্টরস অ্যাসোসিয়েশনের সোনামুড়া মহকুমা কমিটির সম্মেলনে ঠিকাদারদের কাজের গুণমান বজায় রাখা এবং নির্ধারিত সময়ে কাজ শেষ

করার আহ্বান জানান রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন। সম্মেলনে ২৯ সদস্যের নতুন কমিটি গঠিত হয়।

****

BLOOD DONATION -KHOWAI:

ত্রিপুরা কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশনের খোয়াই শাখার উদ্যোগে খোয়াই পুরাতন টাউন হলে গতকাল এক রক্তদান শিবির ও শিক্ষা সচেতনতা বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শিবিরে সংগঠনের খোয়াই শাখার মোট ২৫ জন সদস্য রক্তদান করেন। পাশাপাশি আমন্ত্রিত অতিথিরা শিক্ষা সচেতনতার গুরুত্ব নিয়ে আলোচনা করেন।

****

Weather :

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। ভোরের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৪ ডিগ্রী সেলসিয়াস।

****

****